গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং- ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৯০.২১ তারিখ- /১২/২০২১ খ্রিষ্টাব্দ

বিভাগীয় মামলা নং- 088/2022

**অভিযোগনামা**

যেহেতু, আপনি এমেলী সুলতানা, পিতা- মোঃ আবুল হোসেন, সিনিয়র স্টাফ নার্স, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা এর বিরুদ্ধে গত ২৮/০৯/২০২০ খ্রিঃ তারিখের কুঃজেঃহাঃ/প্রশাসন/২০২০/২৭৭৪ নং স্মারকে এই মর্মে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, আপনি কর্তৃপক্ষের বিনা অনুমতিতে ২৬/০৩/২০২০ খ্রিঃ তারিখ হতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত আছেন;

২। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য এ অধিদপ্তরের ০৬/০৭/২০২১ খ্রিঃ তারিখের ৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৯০.২১.২৭৩ নং স্মারকে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্ত প্রতিবেদনে উক্ত অভিযোগ সত্য মর্মে প্রমাণিত হয়েছে;

৩। যেহেতু, আপনি দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত থেকে কর্তব্য কর্মে অবহেলা প্রদর্শন করেছেন যা সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ'' ও ২(চ) বিধি অনুযায়ী "পলায়ন'' এর আওতাভুক্ত অপরাধ;

৪। সেহেতু, আপনি এমেলী সুলতানা, পিতা- মোঃ আবুল হোসেন, সিনিয়র স্টাফ নার্স, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকাকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী ''অসদাচরণ'' ও ৩(গ) বিধি অনুযায়ী "পলায়ন'' এর দায়ে অভিযুক্ত করা হলো। একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি অনুযায়ী কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত করা হবে না বা উক্ত বিধির আওতায় অন্য কোনো যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না সে মর্মে এই অভিযোগনামা পাওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে আপনাকে লিখিতভাবে নিম্নস্বাক্ষরকারী বরাবর কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। এ বিষয়ে আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করতে ইচ্ছুক কিনা তাও জানানোর জন্য বলা হলো। এ সংক্রান্ত অভিযোগ বিবরণীর এক কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

স্বাঃ-
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা
ই-মেইলঃ info@dgnm.gov.bd

<u>প্রাপকঃ</u> এমেলী সুলতানা
সিনিয়র স্টাফ নার্স

<u>বর্তমান ঠিকানা</u>
এমেলী সুলতানা
পিতা- মোঃ আবুল হোসেন
তত্ত্বাবধায়কের কার্যালয়
কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা।

<u>স্থায়ী ঠিকানা</u>
এমেলী সুলতানা
পিতা- মোঃ আবুল হোসেন
গ্রামঃ সিংগাড়ী, ইউনিয়নঃ ভুগিলহাট
উপজেলাঃ অভয়নগর, জেলাঃ যশোর।

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৯০.২১.৫০১/১/৬১ তারিখঃ ১৪/১২/২০২১ খ্রিষ্টাব্দ

<u>অনুলিপি</u>: সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

২। পরিচালক, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা।

৩। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

৪। উপপরিচালক, পিএমআইএস, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা (অভিযোগনামাটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)।

৫। সেবা তত্ত্বাবধায়ক, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল, ঢাকা।

৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

১৪/১২/২১

মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা )
ফোনঃ ০২-৪১০৮০৪১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd.

রেজিঃ/এডিঃ

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৭৭.২১-

তারিখঃ /১২/২০২১ খ্রিষ্টাব্দ।

বিষয় ঃ ২য় কারণ দর্শানোর নোটিশ।

যেহেতু, আপনি দিলারা জাহান, পিতা-মোঃ দেলোয়ার হোসেন, সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী (সাবেক কর্মস্থল ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা) এর বিরুদ্ধে উৎসব ভাতা বাবদ সরকারি অতিরিক্ত অর্থ ২৮,৪৮,১২০/- (আটাশ লক্ষ আটচল্লিশ হাজার একশত বিশ) টাকা ভুয়া বিলের মাধ্যমে আনলাইনে ইএফটি করে আত্মসাৎ করার অভিযোগ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা কর্তৃক ২৩/০২/২০২১ খ্রিঃ তারিখের সিএএফও/প্রশাঃ/১৩২৩ নং স্মারকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, ঢাকা বরাবর প্রেরণ করা হয়। উক্ত অভিযোগের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্বাস্থ্য সেবা বিভাগ, আর্থিক ব্যবস্থাপনা ও অডিট ইউনিট, ঢাকা কর্তৃক ১৪/০৩/২০২১ খ্রিঃ তারিখের ১৫৮ নং স্মারকে এ অধিদপ্তরে পত্র প্রেরণ করা হয়।

২। যেহেতু, আপনা কর্তৃক উৎসব ভাতা বাবদ সরকারি অতিরিক্ত অর্থ ২৮,৪৮,১২০/- (আটাশ লক্ষ আটচল্লিশ হাজার একশত বিশ) টাকা ভুয়া বিলের মাধ্যমে আনলাইনে ইএফটি করে আত্মসাৎ করা হয়। আত্নতাৎকৃত উক্ত অর্থের মধ্যে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ট্রেজারী চালান নং ৭২, তারিখ-২২/০৩/২০২১ খ্রিঃ মারফত আপনা কর্তৃক সরকারি কোয়াগারে জমা প্রদান করা হয়;

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকার ১১/০৩/২০২১ খ্রিঃ তারিখের ১৬০ নং স্মারকে নিয়োগকৃত তদন্ত কর্মকর্তার ০৮/০৪/২০২১ খ্রিঃ তারিখ দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রামাণিত হয়;

৪। যেহেতু, আপনা কর্তৃক আত্নসাৎকৃত টাকার মধ্যে অবশিষ্ট ২৫,৪৮,১২০/- (পঁচিশ লক্ষ আটচল্লিশ হাজার একশত বিশ) টাকা ট্রেজারী চালানের মাধ্যমে সরকারি কোয়াগারে জমা প্রদানের জন্য ০২/০৬/২০২১ খ্রিঃ তারিখের ২৪৯ নং স্মারকে আপনাকে নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু আপনা কর্তৃক অদ্যাবধি তা সরকারি কোয়াগারে জমা প্রদান করা হয় নি;

৫। যেহেতু, আপনার বিরুদ্ধে এ অধিদপ্তরের ০২/০৬/২০২১ খ্রিঃ তারিখের ২৪৩ নং স্মারকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমাল, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এবং ৩(ঘ) বিধি অনুযায়ী 'দুর্নীতি' এর অভিযোগে বিভাগীয় মামলা নং-০২৪/২০২১ রুজু করা হয়। উক্ত অভিযোগনামার জবাব আপনা কর্তৃক অদ্যাবধি দাখিল/প্রেরণ করেন নি;

৬। যেহেতু, আপনার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং-০২৪/২০২১ তদন্তের জন্য এ অধিদপ্তরের ২২/০৮/২০২১ খ্রিঃ তারিখের ৩৪৭ নং স্মারকে ০৩ সদস্য বিশিষ্ট তদন্ত বোর্ড গঠন করা হয়। উক্ত তদন্ত বোর্ড কর্তৃক ০৬/১০/২০২১ খ্রিঃ তারিখ দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অনুযায়ী আপনার বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এবং ৩(ঘ) বিধি অনুযায়ী 'দুর্নীতি' এর অভিযোগ প্রমাণিত হয়েছে;

৭। সেহেতু, এক্ষণে আপনাকে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এবং ৩(ঘ) বিধি অনুযায়ী 'দুর্নীতি' এর অভিযোগে অভিযুক্ত করে একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মতে গুরুদন্ড হিসেবে অবিলম্বে সরকারি চাকরি হতে বরখাস্ত করার জন্য প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হলো। কেন আপনার বিরুদ্ধে প্রস্তাবিত দন্ড আরোপ করা হবে না তার কারণ দর্শানোর লিখিত জবাব একই বিধিমালার ৭(৯) বিধি অনুযায়ী এ নোটিশ প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হলো।

সংযুক্ত : তদন্ত বোর্ডের তদন্ত প্রতিবেদনের কপি ০৩(তিন) পাতা।

স্বাঃ-
সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd.

প্রাপক ঃ

১। কর্মস্থলের ঠিকানা ঃ
জনাব দিলারা জাহান
পিতা-মোঃ দেলোয়ার হোসেন
সিনিয়র স্টাফ নার্স, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী।

২। স্থায়ী ঠিকানা ঃ
জনাব দিলারা জাহান
পিতা-মোঃ দেলোয়ার হোসেন, সিনিয়র স্টাফ নার্স
সাং-২২৭ নং দক্ষিণ কতুবখালী, পোঃ- ধনিয়া, থানাঃ- যাত্রাবাড়ী, জেলাঃ ঢাকা।

অঃপৃঃদ্রঃ

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.০৭৭.২১-৫০৩/১(১৩) তারিখঃ ১৪/১২/২০২১ খ্রিষ্টাব্দ।

<u>অনুলিপিঃ</u> সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (এফএম)/ অতিরিক্ত সচিব (প্রশাসন)/ অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৪। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৫। পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
৬। পরিচালক (প্রশাসন), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
৭। সিভিল সার্জন, নোয়াখালী।
৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, হাতিয়া, নোয়াখালী।
৯। উপজেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, হাতিয়া, নোয়াখালী।
১০। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা। (নোটিশটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
১১। সেবা তত্ত্বাবধায়ক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।
১২। জেলা পাবলিক হেল্‌থ নার্স, সিভিল সার্জন অফিস, নোয়াখালী।
১৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

১৪/১২/২১
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)।

রেজিঃ/এডিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৫৪.২১- তারিখঃ /১২/২০২১ খ্রিঃ

## বিভাগীয় মামলা নং- ০৪৩/২০২১

## অভিযোগনামা

যেহেতু, আপনি কাজী হুমায়ুন কবির, পিতাঃ কাজী নুরুল ইসলাম, অফিস সহায়ক, রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহী এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয়েছে যে, আপনি পল্লী নার্সিং ট্রেনিং সেন্টার গাবতলী, বগুড়ায় কর্মরত থাকাকালীন ২০/০১/২০২০ খ্রিঃ তারিখ হতে ২১/০১/২০২০ খ্রিঃ তারিখ পর্যন্ত ০২(দুই) দিনের নৈমিত্তিক ছুটি নিয়ে বাড়ি যান। অতপর কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত ২২/০১/২০২০খ্রিঃ তারিখ হতে ০৭/১২/২০২০ খ্রিঃ তারিখ ৩০৬ দিন কর্মস্থলে অনুপস্থিত ছিলেন।

২। যেহেতু, এ অধিদপ্তরের ০৯/১২/২০২০ খ্রিঃ তারিখের ১৪০৭ নং স্মারকে আপনাকে রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহীতে অফিস সহায়কের শূন্য পদে বদলি করা হলে আপনি পল্লী নার্সিং ট্রেনিং সেন্টার গাবতলী, বগুড়াতে যোগদান না করে ও ছাড়পত্র গ্রহণ না করে সরাসরি রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহীতে যোগদান করেন।

৩। আপনার কর্তৃক অননুমোদিতভাবে ৩০৬ দিন অনুপস্থিতির ঘটনা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" সামিল এবং বিধি ৩(গ) বিধি অনুযায়ী পলায়নের সামিল;

৪। যেহেতু অননুমোদিত অনুপস্থিত কালে পল্লী নার্সিং ট্রেনিং সেন্টার গাবতলী, বগুড়াতে যোগদান না করে ও ছাড়পত্র গ্রহণ না করে নতুন কর্মস্থল রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহীতে যোগদানের ঘটনা সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" সামিল।;

৫। সেহেতু, আপনি কাজী হুমায়ুন কবির, পিতাঃ কাজী নুরুল ইসলাম, অফিস সহায়ক, রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহী-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ" এবং ৩(গ) বিধি মোতাবেক পলায়নের অপরাধে অভিযুক্ত করা হলো। কেন একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক আপনাকে সরকারি চাকরি থেকে বরখাস্ত করা হবে না বা একই বিধিমালার আওতায় অন্য কোন যথোপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তা উক্ত বিধিমালার ৭(১)(খ) বিধি মোতাবেক অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে আপনাকে লিখিত জবাব প্রেরণ করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

আপনাকে আরো জানানো যাচ্ছে যে, আপনি ব্যক্তিগত সাক্ষাতে কিছু বলতে চান কিনা বা এ বিভাগীয় মামলায় আপনার পক্ষ সর্মথনে কোন সাক্ষ্য উপস্থাপন করতে চান কিনা তা বর্ণিত সময়ের মধ্যে জানাবেন। এ অভিযোগনামা যার উপর ভিত্তি করে প্রণয়ন করা হয়েছে সেই অভিযোগ বিবরণীর অনুলিপি এতদসংগে সংযুক্ত করা হলো।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
ই-মেইল-info@ dgnm.gov.bd

প্রাপক ঃ

১। কর্মস্থলের ঠিকানাঃ
কাজী হুমায়ুন কবির
পিতাঃ কাজী নুরুল ইসলাম
অফিস সহায়ক
রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহী।

২। স্থায়ী ঠিকানা
কাজী হুমায়ুন কবির
পিতাঃ কাজী নুরুল ইসলাম
অফিস সহায়ক
গ্রাম ঃ মানিকহাট, পোষ্ট ঃ কাদোয়া, উপজেলা ঃ সুজানগর, জেলা ঃ পাবনা।

অঃপৃঃদ্রঃ

নং-৪৫.০৩.০০০০.০০৭.২৭.১৫৪.২১-৫০৪/১(৮) তারিখঃ ১৪/১২/২০২১ খ্রিঃ

অনুলিপি ঃ জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে;

১। সিনিয়র সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, ঢাকা।
২। পরিচালক, মেডিকেল কলেজ হাসপাতাল, রাজশাহী।
৩। সিভিল সার্জন, রাজশাহী।
৪। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৫। অধ্যক্ষ, রাজশাহী নার্সিং কলেজ, রাজশাহী।
৬। উপপরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা। (অভিযোগনামাটি ওয়েবসাইটে প্রকাশ করার জন্য)
৭। জেলা পাবলিক হেলথ্ নার্স, সিভিল সার্জন অফিস, রাজশাহী।
৮। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

১৪/১২/২১
মোঃ রশিদুল মান্নাফ কবীর
(উপসচিব)
পরিচালক (শিক্ষা ও শৃঙ্খলা)